গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হাতীবান্ধা, লালমনিরহাট।
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)

স্মারক নং- ৫১.০১.৫২৩৩.০০০.৪১.০১৮.২৪-৯৭ তারিখঃ ০৩ মার্চ ২০২৪ খ্রি।

বিষয়ঃ ২০২৩-২৪ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার/ রক্ষণবেক্ষণ(কাবিখা-কাবিটা/টিআর) কর্মসূচির আওতায় সাধারণ উপজেলা পরিষদের অনুকূলে (৩য় পর্যায়) নগদ অর্থ ও খাদ্যশস্য (চাল ও গম) বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিল প্রসঙ্গে।

সূত্রঃ (১) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং- ৫১.০১.০০০.০১১.১৪.০০৪.২৩-১৯ তারিখঃ ২২ ফেব্রুয়ারী ২০২৪ খ্রি.
(২) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং- ৫১.০১.০০০.০১১.১৪.০০৪.২৩-২৮ তারিখঃ ২২ ফেব্রুয়ারী ২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার/ রক্ষণবেক্ষণ (কাবিখা-কাবিটা/ টিআর) কর্মসূচির আওতায় (৩য় পর্যায়) সাধারণ উপজেলা পরিষদের অনুকূলে নিম্নোক্তভাবে নগদ অর্থ এবং খাদ্যশস্য (চাল ও গম) বরাদ্দ পাওয়া যায়ঃ

| বরাদ্দকৃত টাকার পরিমান | বরাদ্দকৃত চাল (মেঃ টন) | বরাদ্দকৃত গম (মেঃ টন) | টিআর |
|---|---|---|---|
| ৩৮,০৩,১৫৯.২২ | ২৭.৭৫২৫ | ২৭.৭৫২৫ | ২৮,৩২,২৫৩.৭৬ |

উক্ত বরাদ্দ কাবিখা/টিআর পরিপত্রের ২ নং অনুচ্ছেদ (খ) এর আলোকে মোট বরাদ্দের উপজেলা রিজার্ভ ২০% ব্যতিত নিম্নোক্তভাবে আদমশুমারী ২০১১ অনুযায়ী জনসংখ্যা ৫০% ও আয়তন ৫০% এর ভিত্তিতে ইউনিয়নওয়ারী বরাদ্দ করা হলো।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | বরাদ্দের পরিমাণ টাকা | বরাদ্দের পরিমাণ মেঃ টন চাল (কাবিখা) | বরাদ্দের পরিমাণ মেঃ টন গম (কাবিখা) | টিআর (টাকা) |
|---|---|---|---|---|---|
| ০১ | বড়খাতা | ২৭০০০০.০০ | ২.০০০ | ২.০০০ | ২০০০০০.০০ |
| ০২ | গড্ডিমারী | ২৪০০০০.০০ | ১.৭০০ | ১.৭০০ | ১৭০০০০.০০ |
| ০৩ | সিংগীমারী | ২৬০০০০.০০ | ১.৯০০ | ১.৯০০ | ১৯০০০০.০০ |
| ০৪ | টংভাঙ্গা | ৩২০০০০.০০ | ২.৪০০ | ২.৪০০ | ২৪০০০০.০০ |
| ০৫ | সিন্দুর্না | ১৯০৫৫৯.২২ | ১.৪০০ | ১.৪০০ | ১৪০২৫৩.৭৬ |
| ০৬ | পাটিকাপাড়া | ১৯৫০০০.০০ | ১.৪০০ | ১.৪০০ | ১৪৫০০০.০০ |
| ০৭ | ডাউয়াবাড়ী | ৩১০০০০.০০ | ২.৩০০ | ২.৩০০ | ২৩০০০০.০০ |
| ০৮ | নওদাবাস | ২২০০০০.০০ | ১.৬০০ | ১.৬০০ | ১৬০০০০.০০ |
| ০৯ | গোতামারী | ২৫০০০০.০০ | ১.৮০০ | ১.৮০০ | ১৮৫০০০.০০ |
| ১০ | ভেলাগুড়ি | ৩০০০০০.০০ | ২.২০০ | ২.২০০ | ২২০০০০.০০ |
| ১১ | সানিয়াজান | ২১০০০০.০০ | ১.৫০০ | ১.৫০০ | ১৫৫০০০.০০ |
| ১২ | ফকিরপাড়া | ২২০০০০.০০ | ১.৬০০ | ১.৬০০ | ১৬০০০০.০০ |
| ১৩ | উপজেলা রিজাভ ২০% | ৭৬০০০০.০০ | ৫.৫০০ | ৫.৫০০ | ৫৬০০০০.০০ |
| | মোট = | ৩৮০৩১৫৯.২২ | ২৭.৭৫২৫ | ২৭.৭৫২৫ | ২৮৩২২৫৩.৭৬ |

শর্তাবলী:

১। ইউনিয়ন গ্রামীণ অবকাঠামো সংস্কার/ রক্ষণবেক্ষণ (কাবিখা-কাবিটা/টিআর) কমিটি কর্তৃক প্রকল্প বাছাইপূর্বক চুড়ান্ত প্রকল্পের কম্পিউটারাইজ ০২ (দুই) কপি তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি (পরিপত্র নির্দেশনা অনুযায়ী) আগামী ০৭/০৩/২০২৪ তারিখের মধ্যে ইউনিয়ন গ্রামীণ অবকাঠামো সংস্কার/ রক্ষণবেক্ষণ (কাবিখা-কাবিটা/টিআর) কমিটির সভার কার্যবিবরনীসহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিলের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ে প্রকল্প তালিকা দাখিলে ব্যর্থ হলে পরিপত্র অনুযায়ী জেলা প্রশাসক অন্য ইউনিয়নে বরাদ্দ প্রদান করতে পারবেন।
২। এ কর্মসূচী বাস্তবায়নে কাবিখা/টিআর কর্মসূচী নির্দেশিকা-২০২১ যথাযথ ভাবে অনুসরণ করতে হবে।
৩। নতুনভাবে তৈরিকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুইপার্শ্বে স্থানীয় কৃষিবিভাগের পরামর্শক্রমে তালগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভূক্ত করতে হবে (কাবিখা)।
*৪। এ কর্মসূচীর আওতায় পুকুর/খাল খনন/পুনঃখনন, রাস্তা-বাঁধ নির্মান/পুনঃনির্মান, সেচনালা খনন/পুনঃখনন, বিভিন্ন জনকল্যাণ মূলক প্রতিষ্ঠানের মাঠে মাটি ভরাট, মাটির কিল্লা নির্মান/পুনঃনির্মান ইত্যাদি কাজের জন্য প্রকল্প গ্রহন করা যাবে।*
*বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসির সভাপতি করতে হবে।*
৫। *বজ্রপাত প্রতিরোধে বজ্র নিরোধক দন্ড/যন্ত্র (*Lightning Arrester) এবং ছাউনি স্থাপন প্রকল্প গ্রহণ করা যাবে।
৬। জনগুরুত্বপূর্ণ বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান, শিক্ষা/ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান এবং জনবহুল স্থানে জনসাধারণের জানমালসহ সার্বিক নিরাপত্তা এবং সরকারি সম্পদ রক্ষার্থে " ক্লোজড সার্কিট ক্যামেরা স্থাপন প্রকল্প" গ্রহণ করা যাবে।

৭। *এ বরাদ্দের নগদ টাকা দিয়ে ধর্মীয়/শিক্ষা/জনকল্যাণমুলক প্রতিষ্ঠান মেরামত/উন্নয়ন/শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া প্রজেক্টর ক্রয়/বাঁধ ও রাস্তা রক্ষণাবেক্ষণের জন্য প্রকল্প গ্রহণ করা যাবে।*

০৩/০৩/২৪

(আতিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
হাতীবান্ধা, লালমনিরহাট
মোবাইলঃ ০১৭৩৩৩০০২১৪ (অফিস)
৩/৩/২৪

চেয়ারম্যান, ..............................সকল ইউপি,
হাতীবান্ধা, লালমনিরহাট

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
০১। মাননীয়, জাতীয় সংসদ সদস্য, লালমনিরহাট-১।
০২। জেলা প্রশাসক, লালমনিরহাট।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট ।
০৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, লালমনিরহাট।
০৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হাতীবান্ধা, লালমনিরহাট
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
hatibandha.lalmonirhat.gov.bd

স্মারক নং- ৫১.০১.৫২৩৩.০০০.৯৬.০০৯.২৩- ২০৬ তারিখঃ ০৪ মার্চ ২০২৪ খ্রি.

বিষয়ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরের "অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)" ২য় পর্যায়ের সম্ভাব্য প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিল প্রসঙ্গে।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং- ৫১.০১.০০০০.০১৩.৯৬.০২৭.২৪- ৭০ তারিখঃ ২৫/০২/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের ''অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান'' কর্মসূচির আওতায় লালমনিরহাট জেলার হাতীবান্ধা উপজেলার তাঁর ইউনিয়নের ২য় পর্যায়ের জন্য সম্ভাব্য প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি ইউনিয়ন কমিটির সভার রেজুলেশনসহ আগামী ১০/০৩/২০২৪ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, ওয়েজ প্রকল্পের মধ্যেই নন-ওয়েজ প্রকল্প অন্তর্ভূক্ত থাকতে হবে।
কোন উপকারভোগীর নাম পরিবর্তন করা যাবে না। তবে কারো মৃত্যু হলে বা কাজে অক্ষম হলে (যেমন প্যারালাইজড) মৃত্যুর সনদ/অক্ষমতার সনদসহ তার স্থলে তার স্ত্রী/স্বামী/পিতা/মাতা/ছেলে/মেয়ের নামের প্রস্তাবও এসাথে পাঠাতে হবে।

শর্তাবলীঃ

১। সরকারী পুকুর খনন/ পুনঃ খনন, বিভিন্ন শিক্ষা, সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠানের মাঠ ভরাট, নালা খনন/ পুনঃ খনন, খাল খনন/ পুনঃ খনন, রাস্তা সংস্কার/ নির্মাণ/পুনঃ নির্মাণ প্রকল্প গ্রহণ করা যাবে।
২। একটি ওয়ার্ডে একটির বেশী প্রকল্প গ্রহণ করা যাবে না। সাবেক ওয়ার্ড প্রতি একটি করে প্রকল্প গ্রহণ করা যাবে এমনকি একটি ইউনিয়নে একটি প্রকল্প গ্রহণ করা যাবে।
৩। প্রকল্প বাস্তবায়ন কমিটি ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট হবে। প্রকল্প সভাপতি প্রকল্প সংশ্লিষ্ট ওয়ার্ডের ইউপি সদস্য/সদস্যা হতে হবে (অনুচ্ছেদ ২.৬)।
৪। সকল কার্যক্রম ইজিপিপি পরিপত্র অনুযায়ী হতে হবে।
৫। উপকারভোগীর মজুরি G2P পদ্ধতিতে পরিশোধ করা হবে।

০৪/০৩/২৪
(আতিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
হাতীবান্ধা, লালমনিরহাট
মোবাইলঃ ০১৭৩৩৩০০২১৪ (অফিস)

চেয়ারম্যান, বড়খাতা/গড্ডিমারী/সিংগিমারী/টংভাঙ্গা/সিন্দুর্না/পাটিকাপাড়া/ডাউয়াবাড়ী/নওদাবাস/গোতামারী/ভেলাগুড়ি/সানিয়াজান/ফকিরপাড়া ইউপি, হাতীবান্ধা, লালমনিরহাট।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। জেলা প্রশাসক, লালমনিরহাট।
০২। উপপরিচালক (কাবিখা-৩), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট।
০৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, লালমনিরহাট।
০৫। অফিস কপি।